

### সৃজনশীল প্রশ্নপদ্ধতি ও কার্যকারিতা

ছাত্রছাত্রীদের মুখস্থ বিদ্যা থেকে বের করে আশির জন্য চালু করা হয়েছিল সৃজনশীল প্রশ্নপদ্ধতি। শুরুতে এর নাম ছিল কাঠামোরহীন প্রশ্নপদ্ধতি। এ পদ্ধতিটি সত্যি প্রশংসনীয়। কিন্তু গাইডবই ও কোচিং সেন্টার এর মহা বাধা হয়ে দাঁড়িয়েছে। প্রশ্ন কমন ও পরীক্ষায় ভালো নম্বর পাওয়ার মাধ্যম হিসেবে ছাত্রছাত্রীরা গাইড বই ও কোচিং সেন্টারের শরণাপন্ন হচ্ছে। এমনকী একজন ছাত্র বা ছাত্রী ২-৩টি কোচিং সেন্টারে, ভর্তি রয়েছে। কোচিং সেন্টার দ্বারা প্রদত্ত শিটগুলো মুখস্থ করছে। প্রায়ই বিভিন্ন পরীক্ষায় গাইড বই থেকে হুবহু প্রশ্ন তুলে দেওয়া হয়। যার ফলে ছাত্রছাত্রীরা মুখস্থ করার প্রবণতা থেকে বেরিয়ে আসার বদলে মুখস্থের প্রতি ঝুঁকে পড়ছে। এ অবস্থায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করলে সৃজনশীল প্রশ্নপদ্ধতির কার্যকারিতা বিফলে যাবে। আর তাই আইন করে কোচিং সেন্টার ও গাইড বই বন্ধ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

কয়েছ আহমদ,  
শিক্ষার্থী, ব্যবসায় প্রশাসন বিভাগ,  
শাহজাহান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট